रेलवे भर्ती बोर्ड / RAILWAY RECRUITMENT BOARDS
सीईएन - 04/2026 - जेई, डीएमएस, सीएमए - CEN - 04/2026 - JE, DMS, CMA

Test Date	28/10/2026
Test Time	9:00 AM - 10:30 AM
Subject / Exam Group	RRB JE DMS CMA CBT I

*** Note**
Correct Answer will carry 1 mark per Question.
Incorrect Answer will carry 1/3 Negative mark per Question.

1. Options shown in green color with a tick icon are correct.
2. Chosen option on the right of the question indicates the option selected by the candidate.

Section : **RRB JE DMS CMA CBT I**

Q.1 নিচের কোন রাশিমালাটি একটি পরমাণুর nতম শক্তিস্তরে থাকতে পারে এমন ইলেকট্রনের সর্বোচ্চ সংখ্যাকে নির্দেশ করে? (যেখানে n হল কক্ষ সংখ্যা)

Ans
- ✗ 1. 2n
- ✓ 2. $2n^2$
- ✗ 3. n^2
- ✗ 4. n

Q.2 যদি '+' ও '-' পরস্পর স্থান বিনিময় করে এবং 'x' ও '÷' পরস্পর স্থান বিনিময় করে, তাহলে নিচের সমীকরণে প্রশ্নবোধক চিহ্নটির (?) স্থানে কী বসবে?
45 ÷ 5 - 290 x 5 + 31 =?

Ans
- ✗ 1. 270
- ✗ 2. 260
- ✗ 3. 264
- ✓ 4. 252

Q.3 সরল করুন।

$$3200 \div 16 \text{ of } \frac{1}{80} + \frac{15}{320} \times 6400 + [850 \div 17] \times 40$$

Ans
- ✓ 1. 18300
- ✗ 2. 16300
- ✗ 3. 17300
- ✗ 4. 19300

Q.4 একটি নির্দিষ্ট অর্থরাশিকে বার্ষিক কত শতাংশ সরল সুদের হারে বিনিয়োগ করলে, 2 বছরে সবৃদ্ধিমূল ₹1,750 এবং 4 বছরে সবৃদ্ধিমূল ₹2,000 হবে? (দুই দশমিক স্থান পর্যন্ত আসন্নমানে)

Ans
- ✗ 1. 9.33%
- ✗ 2. 7.33%
- ✗ 3. 10.33%
- ✓ 4. 8.33%

Q.5 যদি একটি রুপোর চামচ বেশ কয়েক মাস ব্যবহারের পর কালো হয়ে যায়, তাহলে সম্ভবত কোন রাসায়নিক বিক্রিয়াটি ঘটেছে?

Ans
✗ 1. জলীয় বাষ্পের সঙ্গে সিলভারের বিক্রিয়ায় সিলভার হাইড্রক্সাইড গঠিত হয়েছে।
✗ 2. অক্সিজেনের সঙ্গে সিলভারের বিক্রিয়ায় সিলভার অক্সাইড গঠিত হয়েছে।
✓ 3. বাতাসে থাকা সালফারের সঙ্গে সিলভারের বিক্রিয়ায় সিলভার সালফাইড গঠিত হয়েছে।
✗ 4. কার্বন ডাই অক্সাইডের সঙ্গে সিলভারের বিক্রিয়ায় সিলভার কার্বনেট গঠিত হয়েছে।

Q.6 একটি বৈদ্যুতিক খুঁটির ছায়ার দৈর্ঘ্য, খুঁটিটির উচ্চতার সমান হলে, সূর্যের উন্নতি কোণ নির্ণয় করুন।

Ans
✓ 1. 45^{o}
✗ 2. 30^{o}
✗ 3. 60^{o}
✗ 4. 90^{o}

Q.7 I হল Z এর ভাই। C হল A এর বোন। Y হল A এর ছেলে। A হল Z এর স্ত্রী। I কীভাবে Y এর সঙ্গে সম্পর্কিত?

Ans
✓ 1. বাবার ভাই
✗ 2. বাবা
✗ 3. বাবার বাবা
✗ 4. ছেলে

Q.8 প্রদত্ত ক্রমে প্রশ্নবোধক চিহ্ন (?) এর স্থানে কী বসবে?

9 17 30 60 95 147 ?

Ans
✗ 1. 209
✗ 2. 233
✗ 3. 205
✓ 4. 204

Q.9 একজন প্রস্তুতকারক, উৎপাদন খরচের চেয়ে 26% বেশি দামে তার পণ্যের বিক্রয়মূল্য নির্ধারণ করেন। যদি উৎপাদন খরচ 26% বৃদ্ধি পায় এবং প্রস্তুতকারক তার পণ্যের বিক্রয়মূল্য 50% বৃদ্ধি করেন, তাহলে তার কত শতাংশ লাভ হবে?

Ans
✗ 1. 53%
✓ 2. 50%
✗ 3. 47%
✗ 4. 51%

Q.10 কোন অনুচ্ছেদ অনুযায়ী বাইরের আগ্রাসন এবং আভ্যন্তরীণ গোলযোগ থেকে "রাজ্যসমূহকে রক্ষা করা সংঘের কর্তব্য"?

Ans
✗ 1. অনুচ্ছেদ 365
✓ 2. অনুচ্ছেদ 355
✗ 3. অনুচ্ছেদ 360
✗ 4. অনুচ্ছেদ 354

Q.11 $[(98 \div 14) \times \{(76 \div 4) + (12 \div 6) \times (7 - 4)\}]$ এর মান নির্ণয় করুন।

Ans
✗ 1. 707
✓ 2. 175
✗ 3. 73
✗ 4. 693

Black book

Q.12 একটি চোঙাকার নিরেট বস্তুর সমগ্রতলের ক্ষেত্রফল 792 cm^2 হয়। বস্তুটির ভূমির ব্যাস যদি 12 cm হয়, তাহলে এটির উচ্চতা (cm তে) কত?

$\left(\pi = \frac{22}{7}\right)$

Ans
✗ 1. 14
✗ 2. 13
✓ 3. 15
✗ 4. 12

Q.13 মোট 103 জন ব্যক্তি একটি সারিতে উত্তরদিকে মুখ করে দাঁড়িয়ে আছেন। সোনুবাবু ডান প্রান্ত থেকে 7তম এবং পিকবাবু বাম প্রান্ত থেকে 77তম স্থানে আছেন। সোনুবাবু ও পিকবাবুর মাঝে কতজন ব্যক্তি আছেন?

Ans
✓ 1. 19
✗ 2. 17
✗ 3. 12
✗ 4. 15

Q.14 1 cm পুরু কাঠের তৈরি একটি খোলা আয়তাকার বাক্স (ঢাকনা বিহীন)-এর বাইরের দিকের পরিমাপ হল 20 cm দৈর্ঘ্য, 15 cm প্রস্থ এবং 10 cm উচ্চতা। বাক্সটি তৈরিতে ব্যবহৃত কাঠের আয়তন নির্ণয় করুন।

Ans
✓ 1. 894 cm^3
✗ 2. 800 cm^3
✗ 3. 856 cm^3
✗ 4. 900 cm^3

Q.15 যদি '+' ও '-' পরস্পর স্থান বিনিময় করে এবং 'x' ও '÷' পরস্পর স্থান বিনিময় করে, তাহলে নিচের সমীকরণে প্রশ্নবোধক চিহ্নটির (?) স্থানে কী বসবে?
25 ÷ 3 + 36 x 4 - 7 = ?

Ans
✗ 1. 74
✗ 2. 72
✗ 3. 71
✓ 4. 73

Q.16 ₹10,000 অর্থরাশিকে বার্ষিক 8% চক্রবৃদ্ধি সুদের (অর্ধবার্ষিক দেয়) হারে 6 মাসের জন্য ধার দেওয়া হলে, 6 মাসের শেষে প্রাপ্ত চক্রবৃদ্ধি সুদ এবং সরল সুদের মধ্যে পার্থক্য কত হবে?

Ans
✗ 1. ₹20
✗ 2. ₹2
✗ 3. ₹4
✓ 4. ₹0

Q.17 ভিন্ন পারমাণবিক সংখ্যাবিশিষ্ট বিভিন্ন মৌলের যেসব পরমাণুর ভরসংখ্যা সমান, তাদের _____ বলা হয়।

Ans
✗ 1. আইসোটোন
✗ 2. সমস্থানিক
✓ 3. আইসোবার
✗ 4. সমাবয়ব

Q.18 চেতন বিন্দু A থেকে যাত্রা শুরু করে এবং পশ্চিমদিকে 27 km গাড়ি চালায়। এরপর সে বামদিকে বাঁক নিয়ে 16 km গাড়ি চালায়। সবশেষে সে আবার বামদিকে বাঁক নিয়ে 32 km গাড়ি চালিয়ে বিন্দু B তে থামে। মোহন বিন্দু P থেকে যাত্রা শুরু করে যা বিন্দু A থেকে 56 km পূর্বদিকে অবস্থিত এবং পশ্চিমদিকে 21 km গাড়ি চালায়। তারপর বামদিকে বাঁক নিয়ে 16 km গাড়ি চালায়। সবশেষে সে ডানদিকে বাঁক নিয়ে 24 km গাড়ি চালায় এবং বিন্দু Q তে থামে। বিন্দু Q এবং বিন্দু B এর মধ্যে সর্বনিম্ন দূরত্ব কত? (নির্দিষ্টভাবে উল্লেখ করা না থাকলে, সকল বাঁক 90° ধরতে হবে।)

Ans
- ✔ 1. 6 km
- ✘ 2. 4 km
- ✘ 3. 2 km
- ✘ 4. 8 km

Q.19 সংখ্যা/ চিহ্নের একটি দলকে, নিচে প্রদত্ত বর্ণ-সংকেত ব্যবহার করে এবং প্রদত্ত শর্তাবলি অনুসারে, সংকেতভুক্ত করা হয়েছে। এই শর্তাবলি অনুসারে ঠিক সংকেত-সমবায়টিকে আপনার উত্তর হিসাবে প্রকাশ করুন।
দ্রষ্টব্য: যদি কোনো শর্তই প্রযোজ্য না হয়, তাহলে সংশ্লিষ্ট সংখ্যা/ চিহ্নের ক্ষেত্রে সরাসরি সারণিতে দেওয়া সংকেত অনুসরণ করতে হবে।

সংখ্যা/ চিহ্ন * @ 6 3 9 1 2 ? 7 8

সংকেত BH ZXCUDLRA

শর্তাবলি:
(i) যদি প্রথম উপাদানটি একটি চিহ্ন হয়, তাহলে প্রথম এবং শেষ উপাদানের সংকেতগুলিকে পরস্পর বিনিময় করতে হবে।
(ii) যদি দ্বিতীয় এবং তৃতীয় উপাদান উভয়ই সংখ্যা হয়, তাহলে তৃতীয় উপাদানটিকে দ্বিতীয় উপাদানের সংকেত হিসাবে সংকেতভুক্ত করতে হবে।
(iii) যদি চতুর্থ উপাদানটি একটি চিহ্ন হয়, তাহলে চতুর্থ এবং পঞ্চম উভয় উপাদানকে © হিসাবে সংকেতভুক্ত করতে হবে।

নিচের সংখ্যা-চিহ্নগুচ্ছটির সংকেত কী হবে?
*@639

Ans
- ✘ 1. BHZLC
- ✔ 2. CHZXB
- ✘ 3. BHUXC
- ✘ 4. DHZXC

Q.20 প্রদত্ত চারটি বিকল্পের মধ্যে তিনটি, ইংরাজি বর্ণানুক্রম ভিত্তিক নির্দিষ্ট পদ্ধতি অনুসারে অনুরূপ এবং এইভাবে একটি দল গঠন করে। কোন বিকল্পটি সেই দলের অন্তর্গত নয়?
[দ্রষ্টব্য: বর্ণ-গুচ্ছে উপস্থিত ব্যঞ্জনবর্ণ (consonant)/ স্বরবর্ণের (vowel) সংখ্যা কিংবা তাদের অবস্থানের উপর ভিত্তি করে ব্যতিক্রমী বিকল্পটিকে নির্ধারণ করা যাবে না।]

Ans
- ✘ 1. HK-OF
- ✔ 2. LO-SI
- ✘ 3. JM-QH
- ✘ 4. FI-MD

Q.21 ভারতের বিস্তীর্ণ উত্তর সমভূমি অঞ্চলটি মূলত নিম্নলিখিত কোন নদীপ্রবাহসমূহের দীর্ঘমেয়াদী সঞ্চয়কার্যের ফলে গঠিত হয়েছে?

Ans
- ✘ 1. গোদাবরী, কৃষ্ণা এবং কাবেরী নদী ব্যবস্থা
- ✔ 2. সিন্ধু, গঙ্গা এবং ব্রহ্মপুত্র নদী ব্যবস্থা
- ✘ 3. নর্মদা, তাপ্তি এবং মহানদী নদী ব্যবস্থা
- ✘ 4. সবরমতী, লুনি এবং মাহি নদী ব্যবস্থা

Q.22 যদি একটি উল্লম্ব তারের তড়িৎপ্রবাহের অভিমুখ উপরের দিকে হয়, তাহলে এর চারপাশের চৌম্বক ক্ষেত্ররেখাগুলির অভিমুখ (উপর থেকে দেখলে) _____ হবে।


Ans
- ✘ 1. সর্বদা উপরের দিকে
- ✘ 2. ঘড়ির কাঁটার দিকে
- ✔ 3. ঘড়ির কাঁটার বিপরীত দিকে
- ✘ 4. সর্বদা নিচের দিকে

blackbook

Q.23 সবচেয়ে কঠিন প্রাকৃতিক পদার্থ কোনটি, যা কার্বনের একটি রূপভেদ?

Ans
✗ 1. গ্রাফাইট
✗ 2. নিয়তাকার কার্বন
✗ 3. কয়লা
✓ 4. হীরা

Q.24 প্রদত্ত চিত্রটিতে, PQ ∥ RS হলে, Y এর মান নির্ণয় করুন।



Ans
✓ 1. 63
✗ 2. 93
✗ 3. 117
✗ 4. 27

Q.25 কোনো সংখ্যার 40% এর সাথে যদি 120 যোগ করা হয়, তবে ফলাফলটি সেই মূল সংখ্যাটিই হয়। ওই সংখ্যাটির 70% কত?

Ans
✗ 1. 160
✓ 2. 140
✗ 3. 120
✗ 4. 180

Q.26 $ABCD$ একটি সামান্তরিক, যদি $\angle A = (3x + 5)^\circ$ এবং $\angle C = (2x + 12)^\circ$ হয়, তাহলে $\angle B$ এর মান নির্ণয় করুন।

Ans
✗ 1. 87°
✓ 2. 154°
✗ 3. 95°
✗ 4. 128°

Q.27 পুং জননতন্ত্রে গ্রন্থিগুলোর ভূমিকা সম্পর্কে কোন বক্তব্যটি সঠিক?

Ans
✗ 1. এগুলো শুক্রাণু উৎপাদনের জন্য দায়ী
✓ 2. এগুলো এমন তরল পদার্থ যুক্ত করে যা শুক্রাণুকে পুষ্টি জোগায়
✗ 3. এগুলো শুক্রাণুর জিনগত উপাদান সংরক্ষণ করে
✗ 4. এগুলো শুক্রাশয়ের তাপমাত্রা নিয়ন্ত্রণ করে

blackboard

Q.28 ইংরাজি বর্ণমালার ক্রম অনুযায়ী CYCLOTOMIES শব্দটির প্রতিটি স্বরবর্ণকে (vowel) তার ঠিক আগের বর্ণ দিয়ে এবং প্রতিটি ব্যঞ্জনবর্ণকে (consonant) তার ঠিক পরের বর্ণ দিয়ে প্রতিস্থাপন করা হল। এইভাবে গঠিত নতুন বর্ণগুচ্ছে কতগুলি বর্ণ দুইয়ের অধিকবার উপস্থিত থাকবে?

Ans
- ✗ 1. তিন
- ✗ 2. চার
- ✗ 3. এক
- ✓ 4. দুই

Q.29 2026 সালের এশিয়ান U20 অ্যাথলেটিক্স চ্যাম্পিয়নশিপে, পূজা সিং 1.93 m অতিক্রম করে 14 বছরের পুরনো একটি জাতীয় রেকর্ড ভেঙেছেন। তিনি কোন ইভেন্টে এই কৃতিত্ব অর্জন করেছেন?

Ans
- ✗ 1. মহিলাদের পোল ভল্ট
- ✗ 2. মহিলাদের লং জাম্প
- ✓ 3. মহিলাদের হাই জাম্প
- ✗ 4. মহিলাদের ট্রিপল জাম্প

Q.30 $y - 9 = 3\sqrt{7}$ হলে, $\sqrt{(y-1)} - \frac{1}{\sqrt{y-1}}$ এর মান কত?

Ans
- ✗ 1. $2\sqrt{7}$
- ✗ 2. 28
- ✓ 3. $\sqrt{14}$
- ✗ 4. $7\sqrt{2}$

Q.31 1828 সালে রাজা রামমোহন রায় কোন সামাজিক-ধর্মীয় সংস্কার আন্দোলন প্রতিষ্ঠা করেছিলেন?

Ans
- ✓ 1. একেশ্বরবাদের প্রসার ঘটানো ব্রাহ্ম সমাজ
- ✗ 2. বৈদিক সংস্কারের প্রসার ঘটানো আর্য সমাজ
- ✗ 3. আধ্যাত্মিকতার প্রসার ঘটানো থিওসফিক্যাল সোসাইটি
- ✗ 4. ভক্তি প্রচারকারী প্রার্থনা সমাজ

Q.32 জলাশয়ে নাইট্রেট এবং ফসফেটের মতো পুষ্টি উপাদানের অতিরিক্ত প্রবেশের ফলে শৈবালের ব্যাপক বৃদ্ধি এবং দ্রবীভূত অক্সিজেনের হ্রাসকে _____ বলা হয়।

Ans
- ✗ 1. জৈব বিবর্ধন
- ✗ 2. মরুকরণ
- ✓ 3. ইউট্রোফিকেশন
- ✗ 4. অম্লীকরণ

Q.33 মুখগহ্বরে পরিপাক প্রক্রিয়ায় পেশীবহুল জিহ্বা (muscular tongue) কীভাবে ভূমিকা পালন করে?

Ans
- ✗ 1. মুখের ভেতরের আস্তরণকে রক্ষা করার জন্য শ্লেষ্মা তৈরি করে
- ✗ 2. খাবার সরাসরি পাকস্থলীতে স্থানান্তরিত করে
- ✓ 3. লালারসের সাথে খাদ্য মিশ্রিত করে এবং চর্বনে (চিবানো) সাহায্য করে
- ✗ 4. মুখের মধ্যে পরিপাককারী উৎসেচক ক্ষরণ করে

Q.34 যদি 9টি সংখ্যার সমষ্টি 81 হয়, তবে তাদের গড় কত?

Ans
- ✓ 1. 9
- ✗ 2. 10
- ✗ 3. 19
- ✗ 4. 8

blackbook

Q.35 নিচে একটি প্রশ্ন এবং তারপরে (I) এবং (II) সংখ্যাযুক্ত দু'টি বিবৃতি দেওয়া হয়েছে। আপনাকে নির্ধারণ করতে হবে যে প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য বিবৃতিতে প্রদত্ত তথ্যসমূহ যথেষ্ট কিনা। বিবৃতিগুলি অধ্যয়ন করে সবচেয়ে উপযুক্ত উত্তরটি চয়ন করুন।
প্রশ্ন:
পাঁচজন দৌড়বিদ – বিহান, ওয়ামিকা, জ্যান্ডার, যশিকা এবং জোরাভার – একটি রেস শেষ করে। কে সবার শেষে রেস শেষ করে?
বিবৃতি:
(I) জ্যান্ডার এবং জোরাবরের মাঝে ঠিক দুজন দৌড়বিদ আছে।
(II) বিহানের আগে ওয়ামিকা রেস শেষ করে এবং জ্যান্ডারের আগে যশিকা রেস শেষ করে।

Ans
✗ 1. বিবৃতি I এবং বিবৃতি II তে প্রদত্ত তথ্য যৌথভাবে (বিবৃতি I অথবা বিবৃতি II এককভাবে নয়) প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য যথেষ্ট।
✗ 2. বিবৃতি II তে প্রদত্ত তথ্য এককভাবে প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য যথেষ্ট, কিন্তু বিবৃতি I এ প্রদত্ত তথ্য যথেষ্ট নয়।
✗ 3. বিবৃতি I এ প্রদত্ত তথ্য এককভাবে প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য যথেষ্ট, কিন্তু বিবৃতি II তে প্রদত্ত তথ্য যথেষ্ট নয়।
✓ 4. বিবৃতি I এবং বিবৃতি II তে প্রদত্ত তথ্য যৌথভাবেও প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য যথেষ্ট নয়।

Q.36 প্রদত্ত ক্রমটি দেখুন এবং প্রশ্নটির উত্তর দিন। কেবল বামদিক থেকে ডানদিকে গণনা করতে হবে।
(বামদিক) L C * F A J / ^ Z O B O T M Q ? @ F C % T (ডানদিক)
উপরের ক্রমে এরকম কতগুলি চিহ্ন আছে, যাদের প্রত্যেকটির ঠিক আগে একটি চিহ্ন এবং ঠিক পরে একটি বর্ণ আছে?

Ans
✗ 1. চার
✓ 2. দুই
✗ 3. তিন
✗ 4. এক

Q.37 একজন জীববিজ্ঞানী একটি নমুনার উপর সূর্যের আলোকে কেন্দ্রীভূত করার জন্য +5 D ক্ষমতার একটি অভিসারী লেন্স ব্যবহার করেন। যদি উত্তপ্ত হওয়ার কারণে লেন্সের ফোকাস দৈর্ঘ্য পরিবর্তিত হয়ে 15 cm হয়, তাহলে লেন্সটির নতুন ক্ষমতা কত হবে?

Ans
✓ 1. +6.67 D
✗ 2. +0.15 D
✗ 3. +5 D
✗ 4. +1.5 D

Q.38 পৃথিবীতে নিয়ত বায়ুপ্রবাহ (planetary wind patterns) সৃষ্টির মূল কারণ কী?

Ans
✗ 1. চাঁদ ও সূর্যের মহাকর্ষীয় আকর্ষণ
✗ 2. বিশাল জলরাশি বা মহাসাগরের উপস্থিতি
✓ 3. বিভিন্ন অক্ষাংশে সূর্যের তাপের অসম বন্টন
✗ 4. পর্বতমালার ভূ-প্রকৃতি

Q.39 হিন্দু মন্দির স্থাপত্যের নাগর শৈলী, যা বক্ররেখাযুক্ত শিখরের (curvilinear shikhara) দ্বারা বৈশিষ্ট্যমণ্ডিত, তা মূলত ভারতের কোন অঞ্চলের সাথে সম্পর্কিত?

Ans
✗ 1. দক্ষিণ ভারত
✗ 2. উত্তর-পূর্ব ভারত
✗ 3. কেবল মধ্য দাক্ষিণাত্য
✓ 4. উত্তর ভারত

Q.40 একটি বহনযোগ্য ক্যাম্পিং লণ্ঠন এমন একটি বিল্ট-ইন ব্যাটারি দিয়ে চলে যা স্থির ভোল্টেজ সরবরাহ করে। ব্যবহারকারী যখন 'মৃদু আলো' (dim) থেকে 'উজ্জ্বল আলো' (bright) সেটিংয়ে পরিবর্তন করে, তখন লণ্ঠনের বাল্বটি অধিক শক্তি পায়। ব্যাটারির ভোল্টেজ অপরিবর্তিত থাকলে, লণ্ঠনের সার্কিটে কোন পরিবর্তনটি উজ্জ্বলতা বৃদ্ধির কারণ হিসেবে সবচেয়ে সরাসরি ব্যাখ্যা প্রদান করে?

Ans
✗ 1. রোধ অপরিবর্তিত রেখে বাল্বের মধ্য দিয়ে তড়িৎ প্রবাহ কমানো হয়
✗ 2. বাল্বের সার্কিটে রোধ বাড়ানো হয়, ফলে তড়িৎ প্রবাহ কমে যায়
✓ 3. বাল্বের সার্কিটে রোধ কমানো হয়, ফলে তড়িৎ প্রবাহ বেড়ে যায়
✗ 4. রোধ অপরিবর্তিত রেখে ব্যাটারি থেকে সরবরাহকৃত ভোল্টেজ বাড়ানো হয়

blackbook

Q.41 ভারতের কোনো গ্রামের ক্ষেত্রাধিকারভুক্ত সর্বজনীন স্থান থেকে অবৈধ দখল উচ্ছেদের দায়িত্ব কোন কর্তৃপক্ষের?

Ans
- ✔ 1. গ্রাম পঞ্চায়েত
- ✘ 2. পুলিশ বিভাগ
- ✘ 3. তালুক ম্যাজিস্ট্রেট
- ✘ 4. গ্রাম ন্যায়ালয়

Q.42 আরাবল্লী পর্বতমালার কোন প্রান্তে বৃহৎ ভারতীয় মরুভূমি অবস্থিত?

Ans
- ✘ 1. পূর্ব প্রান্তে
- ✘ 2. উত্তর প্রান্তে
- ✘ 3. দক্ষিণ প্রান্তে
- ✔ 4. পশ্চিম প্রান্তে

Q.43 নিম্নলিখিত কোন ক্ষেত্রে বলা যায় যে একটি বস্তু সুষম গতিতে আছে?

Ans
- ✘ 1. ক্রমাগত তার অভিমুখ পরিবর্তন করে
- ✔ 2. সম সময়ের ব্যবধানে সমান দূরত্ব অতিক্রম করে
- ✘ 3. বারবার দ্রুতি বৃদ্ধি ও হ্রাস করে
- ✘ 4. সম সময়ের ব্যবধানে অসমান দূরত্ব অতিক্রম করে

Q.44 একটি শ্রেণির শিক্ষার্থীদের গণিতে প্রাপ্ত গড় নম্বর 92 হয়। ছেলেদের প্রাপ্ত গড় নম্বর হল মেয়েদের প্রাপ্ত গড় নম্বরের চেয়ে 20% বেশি। যদি ছেলেদের এবং মেয়েদের সংখ্যার অনুপাত 5 : 2 হয়, তাহলে মেয়েদের প্রাপ্ত গড় নম্বর কত?

Ans
- ✘ 1. 77
- ✘ 2. 80.4
- ✔ 3. 80.5
- ✘ 4. 82

Q.45 গোলীয় লেন্সের ক্ষেত্রে কার্তেসীয় (Cartesian) চিহ্নের রীতি অনুযায়ী, লেন্সের সামনে রাখা কোনো প্রকৃত বস্তুর ক্ষেত্রে বস্তুর দূরত্বের চিহ্ন কী হবে?

Ans
- ✔ 1. ঋণাত্মক
- ✘ 2. বস্তুর দূরত্ব শূন্য
- ✘ 3. ধনাত্মক
- ✘ 4. বস্তুর দূরত্ব লেন্সের প্রকারের উপর নির্ভর করে

Q.46 একটি কব্জাযুক্ত দণ্ডের (hinged rod) মুক্ত প্রান্তে একটি বল প্রয়োগ করা হয়, যার ফলে দণ্ডটি কব্জাটির চারপাশে ঘোরে। প্রযুক্ত বল দ্বারা কৃত কার্য সম্পর্কে কী বলা যেতে পারে?

Ans
- ✘ 1. কৃত কার্য শূন্য, কারণ কব্জাটি স্থির থাকে।
- ✘ 2. কৃত কার্য শুধুমাত্র দণ্ডটির ভরের উপর নির্ভর করে।
- ✘ 3. কৃত কার্য ঋণাত্মক, কারণ দণ্ডটি ঘোরে।
- ✔ 4. কৃত কার্য ধনাত্মক, কারণ বল প্রয়োগের বিন্দুটির সরণ হয়।

Q.47 নিচের কোন বক্তব্যটি ব্যাখ্যা করে যে, মিয়োসিস প্রক্রিয়ায় সৃষ্ট জিনগত প্রকরণ কীভাবে কিছু জীবকে টিকে থাকতে সহায়তা করে?

Ans
- ✔ 1. মিয়োসিস-জনিত প্রলক্ষণ এমন সব বৈশিষ্ট্য প্রদান করে যা নতুন পরিবেশের সাথে খাপ খাইয়ে নেওয়ার জন্য অধিক উপযোগী
- ✘ 2. সব প্রাণীর প্রলক্ষণ অভিন্ন, তাই সবাই সমানভাবে টিকে থাকে
- ✘ 3. টিকে থাকা বা বেঁচে থাকা কেবল মূল জিনগত সংকেতের (genetic code) ওপর নির্ভর করে, প্রকরণের ওপর নয়
- ✘ 4. যেসব প্রাণীর ক্রোমোজোম সংখ্যা বেশি, তারা সর্বদা অধিক ভালোভাবে অভিযোজিত হয়

Q.48 নিচের কোন বিবৃতিটি একটি যৌগের আণবিক ভর গণনা করার পদ্ধতিকে সবচেয়ে ভালোভাবে বর্ণনা করে?

Ans

✔ 1. এটি অণুতে উপস্থিত সমস্ত পরমাণুর পারমাণবিক ভর যোগ করে পাওয়া যায়।

✘ 2. এটি অণুর সর্বোচ্চ পারমাণবিক ভর থেকে সর্বনিম্ন পারমাণবিক ভর বিয়োগ করে পাওয়া যায়।

✘ 3. এটি অণুতে থাকা পরমাণুগুলোর মধ্যে সর্বোচ্চ পারমাণবিক ভরটি ব্যবহার করে পাওয়া যায়।

✘ 4. এটি কেবল অণুতে থাকা অনন্য পারমাণবিক ভরগুলো গণনা করে পাওয়া যায়।

Q.49 A, B, U, V, Y এবং Z প্রত্যেকে আলাদা আলাদা নম্বর পেয়েছে। কেবল A এর প্রাপ্ত নম্বর B এর চেয়ে বেশি। কেবল তিনজন ব্যক্তি Z এবং A এর প্রাপ্ত নম্বরের মাঝে নম্বর পেয়েছে। U এর প্রাপ্ত নম্বর Y এর চেয়ে কম কিন্তু V এর চেয়ে বেশি। কতজন ব্যক্তি V এবং B এর প্রাপ্ত নম্বরের মাঝে নম্বর পেয়েছে?

Ans

✘ 1. দুই

✘ 2. এক

✔ 3. তিন

✘ 4. চার

Q.50 সংখ্যা/ চিহ্নের একটি দলকে, নিচে প্রদত্ত বর্ণ-সংকেত ব্যবহার করে এবং প্রদত্ত শর্তাবলি অনুসারে, সংকেতভুক্ত করা হয়েছে। এই শর্তাবলি অনুসারে ঠিক সংকেত-সমবায়টিকে আপনার উত্তর হিসাবে প্রকাশ করুন। যদি কোনো শর্তই প্রযোজ্য না হয়, তাহলে সংশ্লিষ্ট সংখ্যা/ চিহ্নের ক্ষেত্রে সরাসরি সারণিতে দেওয়া সংকেত অনুসরণ করতে হবে।

সংখ্যা/ চিহ্ন 6 8 1 9 7 3 # @ 5 %

সংকেত L R G M W X K Q E N

শর্তাবলি –

(i) যদি প্রথম উপাদানটি একটি বিজোড় সংখ্যা হয়, তাহলে প্রথম এবং শেষ উপাদানের সংকেতগুলিকে পরস্পর বিনিময় করুন।

(ii) যদি দ্বিতীয় এবং তৃতীয় উপাদান দু'টি সংখ্যা হয়, তাহলে তৃতীয় উপাদানটিকে দ্বিতীয় উপাদানের সংকেত হিসাবে সংকেতভুক্ত করুন।

(iii) যদি চতুর্থ উপাদানটি একটি জোড় সংখ্যা হয়, তাহলে চতুর্থ এবং পঞ্চম উপাদান দু'টিকে © হিসেবে সংকেতভুক্ত করুন।

নিচের সংখ্যা-চিহ্নগুচ্ছটির সংকেত কী হবে?

68197

Ans

✘ 1. LRGMW

✘ 2. LRGKW

✘ 3. LXGMW

✔ 4. LRRMW

Q.51 অক্সিজেনের অভাবজনিত কারণে হঠাৎ শারীরিক কার্যকলাপের সময় পেশিতে টান বা ক্র্যাম্প সৃষ্টির জন্য কোন প্রক্রিয়াটি দায়ী?

Ans

✘ 1. পেশিতে সালোকসংশ্লেষণ

✘ 2. ইস্টের সন্ধান প্রক্রিয়া

✘ 3. পেশিতে সবাত শ্বসন

✔ 4. পেশিতে অবাত শ্বসন

Q.52 C, D, E, F, X, Y এবং Z এর প্রত্যেকে একটি সপ্তাহের পৃথক পৃথক দিনে পরীক্ষা দেয়, যা সপ্তাহটির সোমবার থেকে শুরু হয়ে একই সপ্তাহের রবিবার পর্যন্ত চলে।
Y বৃহস্পতিবার পরীক্ষা দেয় এবং F শনিবার পরীক্ষা দেয়। C পরীক্ষা দেয় Z এর ঠিক আগের দিন। E পরীক্ষা দেয় X এর পরীক্ষার পরে কোনো এক দিন। D পরীক্ষা দেয় Z এর ঠিক পরের দিন।
E এবং D এর পরীক্ষার মাঝে কতজন পরীক্ষা দেয়?

Ans

✘ 1. দুই

✘ 2. এক

✔ 3. তিন

✘ 4. চার

blackbook

Q.53 বিকল্পগুলি থেকে, নিচে প্রদত্ত জোড়া দু'টির মতো অনুরূপ বিন্যাস অনুসরণকারী জোড়াটি চয়ন করুন। উভয় জোড়া অনুরূপ বিন্যাস অনুসরণ করে।

DTP : ARS
GPN : DNQ

Ans
1. NIR : KGT
2. NQQ : KNR
3. FJU : CHW
4. EYQ : BWT

Q.54 বিকল্পগুলি থেকে, নিচে প্রদত্ত জোড়া দু'টির মতো অনুরূপ বিন্যাস অনুসরণকারী জোড়াটি চয়ন করুন। উভয় জোড়া অনুরূপ বিন্যাস অনুসরণ করে।
IQI : GSK
OMP : MOR

Ans
1. SMJ : QOK
2. LKC : JMD
3. DVR : BXT
4. GWS : EXU

Q.55 প্রদত্ত ক্রমের প্রশ্নবোধক চিহ্নটির (?) স্থানে কোন সংখ্যাটি বসবে?

41 52 64 77 91 106 ?

Ans
1. 118
2. 120
3. 122
4. 125

Q.56 সমীকরণতন্ত্রটি সমাধান করে x, y, এবং z এর মান নির্ণয় করুন।

$x + y + z = 12$
$x - 3y - z = 18$
$x - y - z = 10$

Ans
1. x= 11, y = 4, z = 5
2. x= 11, y = −4, z = 5
3. x= 11, y = −4, z = 6
4. x= 10, y = −4, z = 5

Q.57 বিজ্ঞানে সাধারণভাবে ব্যবহৃত একটি কার্বন পরমাণুর পারমাণবিক ভর কত?

Ans
1. 14 u
2. 1 u
3. 16 u
4. 12 u

Q.58 গ্রামীণ ভারতে দরিদ্রদের কর্মসংস্থানের সুযোগ বাড়ানোর লক্ষ্যে, জাতীয় গ্রামীণ কর্মসংস্থান কর্মসূচি (NREP) এবং গ্রামীণ ভূমিহীন কর্মসংস্থান নিশ্চয়তা কর্মসূচি (RLEGP) কে একীভূত করে জওহর রোজগার যোজনা কবে চালু করা হয়েছিল?

Ans
1. 1979
2. 1999
3. 1969
4. 1989

Q.59 একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য ও প্রস্থের অনুপাত 3 : 2 হয়। যদি দৈর্ঘ্য 18 cm হয়, তবে আয়তক্ষেত্রটির ক্ষেত্রফল (cm^2 এ) নির্ণয় করুন।

Ans
- ✔ 1. 216
- ✘ 2. 210
- ✘ 3. 108
- ✘ 4. 144

Q.60 দু'টি আলাদা বদ্ধ বাক্সের ভেতরে একটি জ্বলন্ত বৈদ্যুতিক বাল্ব এবং একটি বৈদ্যুতিক হিটার রাখা হলো। কিছুক্ষণ পর বাক্স দু'টিই গরম হয়ে উঠল। শেষ পর্যন্ত উভয় বাক্স থেকেই কোন ধরনের শক্তি পরিবেশে ছড়িয়ে পড়ে?

Ans
- ✘ 1. রাসায়নিক শক্তি
- ✘ 2. আলোক শক্তি
- ✘ 3. তড়িৎ শক্তি
- ✔ 4. তাপ শক্তি

Q.61 মান নির্ণয় করুন।

$$\left(\frac{18}{18} \div \frac{18}{9}\right) \div \left(\frac{2}{10} \times \frac{20}{6} + \frac{2}{6}\right) + \frac{9}{11} \div \frac{18}{14} \text{ of } \frac{14}{11}$$

Ans
- ✘ 1. 9
- ✘ 2. 2
- ✔ 3. 1
- ✘ 4. 4

Q.62 168 একটি নির্দিষ্ট পদ্ধতিতে 19 এর সঙ্গে সম্পর্কিত। অনুরূপ পদ্ধতি অনুসারে 144 সম্পর্কিত 16 এর সঙ্গে। অনুরূপ পদ্ধতি অনুসরণ করে 128 নিচের কোন বিকল্পটির সঙ্গে সম্পর্কিত? (দ্রষ্টব্য: সংখ্যাগুলিকে তাদের উপাদান অঙ্কে বিভাজিত না করে অখণ্ড সংখ্যার উপরেই সকল কার্যক্রম সম্পাদন করতে হবে। যেমন 13 এর ক্ষেত্রে, 13 এর উপরেই যাবতীয় কার্যক্রম সম্পাদন করতে হবে। অর্থাৎ, 13 এর সঙ্গেই যোগ/বিয়োগ/গুণ ইত্যাদি করতে হবে কিন্তু 13 কে তার উপাদান অঙ্ক 1 এবং 3 এ বিভাজিত করে তারপর 1 এবং 3 এর উপর কোনোপ্রকার গাণিতিক কার্যক্রম সম্পাদন করা যাবে না।)

Ans
- ✘ 1. 21
- ✘ 2. 16
- ✔ 3. 14
- ✘ 4. 19

Q.63 P এবং Q দুজন বন্ধু যথাক্রমে ₹386 এবং ₹178 প্রাথমিক মূলধন দিয়ে একটি ব্যবসা শুরু করলেন। বছর শেষে ব্যবসায় ₹56,400 লাভ হলো। লাভের মধ্যে P এর অংশ (₹ এ) কত?

Ans
- ✘ 1. 38,450
- ✘ 2. 38,500
- ✔ 3. 38,600
- ✘ 4. 38,700

Q.64 একটি পণ্যকে তার ক্রয়মূল্যের ওপর 131% লাভে বিক্রি করা হয়। যদি ক্রয়মূল্য ও বিক্রয়মূল্য পরস্পর বিনিময় করা হয়, তাহলে ওই লেনদেনে কত শতাংশ ক্ষতি হবে? (দুই দশমিক স্থান পর্যন্ত আসন্নমানে উত্তর দিন।)

Ans
- ✘ 1. 58.16%
- ✘ 2. 59.28%
- ✔ 3. 56.71%
- ✘ 4. 57.15%

Q.65 একটি বলকে সুতোয় বেঁধে ধ্রুবক দ্রুতিতে অনুভূমিক বৃত্তাকার পথে ঘোরানো হচ্ছে। সুতোটি হঠাৎ ছিঁড়ে গেলে কী ঘটবে?

Ans

✗ 1. বলটি সর্পিলাকার পথে বৃত্তের কেন্দ্রের দিকে এগিয়ে যাবে

✓ 2. বলটি সুতো ছিঁড়ে যাওয়ার মুহূর্তে বৃত্তের স্পর্শক বরাবর সরলরেখায় চলতে থাকবে

✗ 3. বলটি বৃত্তের কেন্দ্র থেকে বাইরের দিকে সরে যাবে

✗ 4. বলটি কিছু সময়ের জন্য বৃত্তাকার পথেই চলতে থাকবে

Q.66 শিল্পক্ষেত্রে সাবান এবং ডিটারজেন্ট উৎপাদনে সোডিয়াম হাইড্রক্সাইড ব্যাপকভাবে ব্যবহৃত হয় কেন?

Ans

✗ 1. এটি আশেপাশের বায়ু থেকে আর্দ্রতা শোষণ করে।

✓ 2. এটি ফ্যাটের সঙ্গে বিক্রিয়া করে সাবান এবং গ্লিসারল উৎপন্ন করে।

✗ 3. এটি ধোয়ার সময় ব্লিচিং এজেন্ট হিসেবে কাজ করে।

✗ 4. এটি সাবানজাত পণ্যের কাঠিন্য বৃদ্ধি করে।

Q.67 একজন শিক্ষার্থী একটি পেন্সিল দিয়ে একই ডেস্কে দুবার আঘাত করে—প্রথমবার আলতোভাবে এবং পরেরবার জোরে। কোন পর্যবেক্ষণটি সঠিক?

Ans

✗ 1. আলতো আঘাতটি বেশি জোরালো শব্দ তৈরি করে কারণ এর স্থায়িত্বকাল বেশি।

✓ 2. জোরে আঘাতটি বেশি জোরালো শব্দ তৈরি করে কারণ এটি বৃহত্তর বিস্তার বিশিষ্ট কম্পন সৃষ্টি করে।

✗ 3. উভয় আঘাতই সমান প্রাবল্যমাত্রার শব্দ তৈরি করে কারণ একই পেন্সিল ব্যবহার করা হয়েছে।

✗ 4. শব্দের প্রাবল্যমাত্রা কেবল ডেস্কের পুরুত্বের ওপর নির্ভর করে।

Q.68 একটি নির্দিষ্ট সাংকেতিক ভাষায়,
'A @ B' এর অর্থ 'A হল B এর ভাই',
'A ^ B' এর অর্থ 'A হল B এর বাবা',
'A ≠ B' এর অর্থ 'A হল B এর ছেলে' এবং
'A ≥ B' এর অর্থ 'A হল B এর স্ত্রী'।
উপরে দেওয়া শর্তের ভিত্তিতে, যদি 'P ≥ Q ≠ V ^ W @ X' হয়, তাহলে P কীভাবে X এর সঙ্গে সম্পর্কিত?

Ans

✗ 1. বোন

✗ 2. বোনের মেয়ে

✓ 3. ভাইয়ের স্ত্রী

✗ 4. মেয়ে

Q.69 যদি $6, 10, 14, 18, 22$ ডেটাগুলির প্রকরণ (variance) σ^2 হয়, তাহলে σ^2 এর মান কত?

Ans

✗ 1. 28

✗ 2. 30

✓ 3. 32

✗ 4. 36

Q.70 মান নির্ণয় করুন।
$(\sin\theta + \operatorname{cosec}\theta)^2 + (\cos\theta + \sec\theta)^2 - \tan^2\theta - \cot^2\theta$

Ans

✗ 1. 0

✗ 2. 10

✓ 3. 7

✗ 4. 6

Q.71 বহিঃস্থভাবে স্পর্শ করে থাকা দু'টি বৃত্তের ক্ষেত্রফলের সমষ্টি 130π sq.cm হয়। যদি বৃত্ত দু'টির কেন্দ্রদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব 14 cm হয়, তবে ক্ষুদ্রতর বৃত্তটির ব্যাসার্ধ কত?

Ans

✗ 1. 11 cm

✗ 2. 5 cm

✗ 3. 9 cm

✓ 4. 3 cm

black book

Q.72 একটি ডাইনিং টেবিল সেটের মুদ্রিতমূল্য ₹20,000 হয়। একটি দোকান এই মূল্যের উপর 10% এবং 20% এর দু'টি ক্রমিক ছাড় দেয়। উভয় ছাড়ের পর ক্রেতাকে কত চূড়ান্ত মূল্য পরিশোধ করতে হবে?

Ans
✗ 1. ₹16,000
✓ 2. ₹14,400
✗ 3. ₹12,000
✗ 4. ₹15,000

Q.73 23 একটি নির্দিষ্ট পদ্ধতিতে 276 এর সঙ্গে সম্পর্কিত। অনুরূপ পদ্ধতি অনুসারে 20 সম্পর্কিত 240 এর সঙ্গে। অনুরূপ পদ্ধতি অনুসরণ করে 28 নিচের কোন বিকল্পটির সঙ্গে সম্পর্কিত? (দ্রষ্টব্য: সংখ্যাগুলিকে তাদের উপাদান অঙ্কে বিভাজিত না করে অখণ্ড সংখ্যার উপরেই সকল কার্যক্রম সম্পাদন করতে হবে। যেমন 13 এর ক্ষেত্রে, 13 এর উপরেই যাবতীয় কার্যক্রম সম্পাদন করতে হবে। অর্থাৎ, 13 এর সঙ্গেই যোগ/বিয়োগ/গুণ ইত্যাদি করতে হবে কিন্তু 13 কে তার উপাদান অঙ্ক 1 এবং 3 এ বিভাজিত করে তারপর 1 এবং 3 এর উপর কোনোপ্রকার গাণিতিক কার্যক্রম সম্পাদন করা যাবে না।)

Ans
✗ 1. 356
✓ 2. 336
✗ 3. 348
✗ 4. 372

Q.74 একটি পাইপ 24 মিনিটে একটি ট্যাঙ্ক ভর্তি করতে পারে এবং অন্য একটি পাইপ 56 মিনিটে সম্পূর্ণ ভর্তি ট্যাঙ্কটিকে খালি করতে পারে। ট্যাঙ্কটি খালি থাকা অবস্থায় যদি দু'টি পাইপকেই একসঙ্গে চালু করা হয়, তবে ট্যাঙ্কটির এক-তৃতীয়াংশ ভর্তি হতে কত সময় (মিনিটে) লাগবে?

Ans
✗ 1. 13
✗ 2. 15
✗ 3. 12
✓ 4. 14

Q.75 নিচের কোনটি সহোদর ভাই-বোনদের মধ্যে জিনগত বৈচিত্র্য সৃষ্টি করে?

Ans
✗ 1. DNA এর ত্রুটিহীন নিখুঁত প্রতিলিপিকরণ
✗ 2. বাহ্যিক পরিবেশগত কারণ দ্বারা সরাসরি সৃষ্ট পরিবর্তন
✗ 3. মাইটোসিস প্রক্রিয়ার মাধ্যমে কোশের সদৃশ বিভাজন
✓ 4. মিয়োসিস প্রক্রিয়ার সময় ক্রোমোজোমের যদৃচ্ছ বিন্যাস

Q.76 কোন বিক্রিয়াটি অক্সিজেনের সঙ্গে একটি অধাতুর সংযোগ নির্দেশ করে?

Ans
✗ 1. $2Na + Cl_2 \rightarrow 2NaCl$
✗ 2. $CH_4 + 2O_2 \rightarrow CO_2 + 2H_2O$
✗ 3. $CaCO_3 \rightarrow CaO + CO_2$
✓ 4. $C + O_2 \rightarrow CO_2$

Q.77 লসিকা কীভাবে অতিরিক্ত কলারসকে রক্তসংবহনে ফিরিয়ে দেয়?

Ans
✓ 1. লসিকা বহিঃকোশীয় স্থান থেকে অতিরিক্ত তরল নিষ্কাশন করে রক্তে ফিরিয়ে দেয়।
✗ 2. ফোলাভাব প্রতিরোধ করার জন্য কলা থেকে সমস্ত রক্তরস লসিকা শোষণ করে।
✗ 3. লসিকা সরাসরি হৃদপিণ্ডের প্রকোষ্ঠে তরল পাম্প করে।
✗ 4. লসিকা সরাসরি কলার ফাঁকা স্থানে লোহিত রক্তকণিকা নিঃসৃত করে।

Q.78 পারমাণুগুলির চিহ্ন লেখার নিয়ম অনুযায়ী, নিচের কোন জোড়টিতে মৌল ও তার পারমাণবিক চিহ্ন সঠিকভাবে মিলছে?

Ans
✓ 1. সোডিয়াম - Na
✗ 2. আয়রন - Ir
✗ 3. পটাশিয়াম - Po
✗ 4. সিলভার - Si

blackboard

Q.79 1969 সালে কোন বিন্যাসবিদ, সজীব বস্তুদের শ্রেণিবিন্যাসের জন্য পঞ্চরাজ্য শ্রেণিবিন্যাস পদ্ধতির প্রবর্তন করেন?

Ans
- ✔ 1. রবার্ট এইচ. হুইটেকার (Robert H. Whittaker)
- ✘ 2. অ্যারিস্টটল (Aristotle)
- ✘ 3. হারবার্ট এফ. কোপল্যান্ড (Herbert F. Copeland)
- ✘ 4. কার্ল লিনিয়াস (Carl Linnaeus)

Q.80 সীমান্ত-অতিক্রমী বিনিয়োগের (cross-border investments) জন্য একটি নিরাপদ ও আধুনিক আইনি কাঠামো তৈরির লক্ষ্যে, নিচের কোন মধ্যপ্রাচ্যের দেশ ভারতের সঙ্গে একটি দ্বিপাক্ষিক বিনিয়োগ চুক্তি স্বাক্ষর করেছে, যা 2026 সালের জুলাই মাসে কার্যকর হয়েছে?

Ans
- ✘ 1. কাতার (State of Qatar)
- ✘ 2. সৌদি আরব (Kingdom of Saudi Arabia)
- ✘ 3. সংযুক্ত আরব আমিরশাহী (United Arab Emirates)
- ✔ 4. ইসরায়েল (State of Israel)

Q.81 1991 সালে ভারতীয় রুপির অবমূল্যায়নের প্রধান লক্ষ্য কী ছিল?

Ans
- ✘ 1. আমদানিকৃত পণ্য তুলনামূলকভাবে সস্তা করার মাধ্যমে বৈদেশিক বিনিয়োগকে উৎসাহিত করা।
- ✘ 2. অর্থনীতিতে অর্থ সরবরাহ হ্রাসের মাধ্যমে দেশের মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণ করা।
- ✘ 3. দেশীয় ব্যাঙ্কগুলির দক্ষতা বৃদ্ধির জন্য তাদের কাছ থেকে সরকারি ঋণ গ্রহণ সীমিত করা।
- ✔ 4. লেনদেন উদ্‌বৃত্তের সংকট নিরসন এবং বৈদেশিক মুদ্রা বিনিময়ের প্রবাহ বৃদ্ধি করা।

Q.82 স্নায়ুকলার ক্ষেত্রে, নিউরনের প্রধান কাজ কী?

Ans
- ✘ 1. নিউরন নড়াচড়ার জন্য বল বা শক্তি উৎপন্ন করে
- ✘ 2. নিউরন মস্তিষ্কের জন্য শক্তি সঞ্চয় করে
- ✔ 3. নিউরন বার্তা গ্রহণ ও প্রেরণ করে
- ✘ 4. নিউরন দেহের জন্য হরমোন তৈরি করে

Q.83 R, S, T, U, G, H এবং I একটি বৃত্তাকার টেবিলকে ঘিরে, টেবিলটির কেন্দ্রের দিকে মুখ করে বসে আছে।
H বসেছে U এর ডানদিকে চতুর্থ স্থানে। I এর বাম দিক থেকে গণনা করলে I এবং S এর মাঝে মাত্র দুজন ব্যক্তি বসে আছে। R বসেছে T এর বামদিকে তৃতীয় স্থানে। G বসেছে T এবং S উভয়েরই ঠিক পাশে।
G এর বাম দিক থেকে গণনা করলে H এবং G এর মাঝে কতজন ব্যক্তি আছে?

Ans
- ✘ 1. এক
- ✘ 2. দুই
- ✘ 3. তিন
- ✔ 4. চার

Q.84 প্রদত্ত ক্রমটি দেখুন এবং নিচের প্রশ্নের উত্তর দিন। কেবল বামদিক থেকে ডানদিকে গণনা করতে হবে।
(বামদিক) U % & T # £ C £ W N Q @ V T € G # * T $ U # (ডানদিক)
ক্রমটিতে এমন কতগুলি বর্ণ আছে যার প্রতিটির ঠিক আগে একটি বর্ণ আছে এবং ঠিক পরে একটি চিহ্ন আছে?

Ans
- ✘ 1. 3
- ✘ 2. 5
- ✘ 3. 4
- ✔ 4. 2

Q.85 ₹9100 কে তিনটি ভাগে এমনভাবে ভাগ করুন যাতে প্রথম ভাগের অর্ধেক, দ্বিতীয় ভাগের এক-চতুর্থাংশ এবং তৃতীয় ভাগের এক-অষ্টমাংশের মান সমান হয়। প্রথম ভাগটি (₹ এ) নির্ণয় করুন।

Ans
- ✘ 1. 1400
- ✘ 2. 1600
- ✔ 3. 1300
- ✘ 4. 1200

black book

Q.86 যদি নিম্নলিখিত ডেটাটির মধ্যক 50 হয়, তাহলে x এর মান কত?

শ্রেণী	30-40	40-50	50-60	60-70	70-80
পরিসংখ্যা	47	19	21	13	X

Ans
- ✗ 1. 14
- ✗ 2. 37
- ✗ 3. 45
- ✓ 4. 20

Q.87 ভারতের কোন অঞ্চলটি প্রাচীনতম অশোধিত পেট্রোলিয়াম উৎপাদনকারী অঞ্চল হিসেবে স্বীকৃত, যার প্রথম তৈলক্ষেত্রটি ছিল ডিগবয়?

Ans
- ✗ 1. তামিলনাড়ু
- ✗ 2. গুজরাট
- ✗ 3. রাজস্থান
- ✓ 4. আসাম

Q.88 কোন ইউরোপীয় শক্তি 1605 সালে মাসুলিপত্তনমে তাদের প্রথম কারখানা স্থাপন করেছিল এবং পরবর্তীতে পুলিকটকে ভারতে তাদের সদর দপ্তর করেছিল?

Ans
- ✗ 1. পর্তুগিজ
- ✓ 2. ওলন্দাজ
- ✗ 3. ইংরেজ
- ✗ 4. ফরাসি

Q.89 2026 সালের জানুয়ারিতে, ভারতের সর্বপ্রথম ওপেন-সী সামুদ্রিক মৎস্য চাষ প্রকল্পটি (open-sea Marine Fish Farming project), কোথায় উদ্বোধন করা হয়েছিল?

Ans
- ✗ 1. বঙ্গোপসাগর
- ✗ 2. লাক্ষাদ্বীপ সাগর
- ✗ 3. আরব সাগর
- ✓ 4. আন্দামান সাগর

Q.90 2026 সালের জানুয়ারিতে IIT বোম্বেতে, PARAM রুদ্র সুপারকম্পিউটারটি উদ্বোধন করা হয়েছে। কোন মিশনের আওতায় এই ব্যবস্থাটি তৈরি এবং স্থাপন করা হয়েছে?

Ans
- ✗ 1. ন্যাশনাল ব্লকচেইন ফ্রেমওয়ার্ক (National Blockchain Framework)
- ✗ 2. ইন্ডিয়া সেমিকন্ডাক্টর মিশন (India Semiconductor Mission)
- ✓ 3. ন্যাশনাল সুপারকম্পিউটিং মিশন (National Supercomputing Mission)
- ✗ 4. ন্যাশনাল কোয়ান্টাম মিশন (National Quantum Mission)

Q.91 পেট্রোলের দাম (প্রতি লিটারে) 75% বৃদ্ধি পায়। পেট্রোলের ব্যবহার কত শতাংশ পরিবর্তন করতে হবে, যাতে পেট্রোলের ওপর মোট ব্যয় মাত্র 61% বৃদ্ধি পায়?

Ans
- ✓ 1. 8% হ্রাস
- ✗ 2. 18% হ্রাস
- ✗ 3. 18% বৃদ্ধি
- ✗ 4. 8% বৃদ্ধি

Q.92 স্থির জলে একজন ব্যক্তি 8 km/h গতিবেগে নৌকা চালাতে পারে। স্রোতের গতিবেগ 3 km/h হয়। স্রোতের অনুকূলে একটি নির্দিষ্ট দূরত্ব অতিক্রম করতে যে সময় লাগে, স্রোতের প্রতিকূলে সমান দূরত্ব অতিক্রম করতে তার চেয়ে 6 ঘণ্টা সময় বেশি লাগে। একদিকের অতিক্রান্ত দূরত্ব নির্ণয় করুন।

Ans
- ✗ 1. 60 km
- ✗ 2. 50 km
- ✓ 3. 55 km
- ✗ 4. 45 km

Black Book

Q.93 পাঁচটি জলীয় দ্রবণের pH মান 1, 4, 7, 9 এবং 11 হয়। নিচের কোন বিন্যাসটি হাইড্রোজেন আয়নের (H^+) গাঢ়ত্বের ক্রমবর্ধমান ক্রমকে সঠিকভাবে নির্দেশ করে?

Ans

✗ 1. 4 < 1 < 7 < 9 < 11

✗ 2. 7 < 9 < 11 < 4 < 1

✓ 3. 11 < 9 < 7 < 4 < 1

✗ 4. 1 < 4 < 7 < 9 < 11

Q.94 মাটির নিচে পুঁতে রাখা একটি দীর্ঘ ও উলম্ব ধাতব পাইপের মধ্য দিয়ে একটি সুস্থির (steady) বৈদ্যুতিক প্রবাহ ওপরের দিকে প্রবাহিত হচ্ছে। মাটির ওপর একজন টেকনিশিয়ান পাইপ থেকে 0.8 মিটার দূরত্বে পাইপের সমান্তরালে একটি ডিজিটাল কম্পাস ধরে আছেন। অপ্রত্যাশিতভাবে, কম্পাসের কাঁটাটি উত্তর দিকে মুখ করে না থেকে পূর্ব দিকে বিচ্যুত হয়ে পড়ে। কোন বিশ্লেষণটি এই ঘটনাকে সবচেয়ে ভালোভাবে ব্যাখ্যা করে?

Ans

✓ 1. ওপরের দিকে প্রবাহিত বিদ্যুৎ যে চৌম্বক ক্ষেত্র তৈরি করে তা অনুভূমিকভাবে প্রবাহিত হয়, যার ফলে কম্পাসের কাঁটাটি ওই স্থানে পাইপ দ্বারা সৃষ্ট চৌম্বক ক্ষেত্রের স্পর্শক বরাবর বিন্যস্ত হয়।

✗ 2. কম্পাসের কাঁটাটির পাইপ থেকে সরাসরি বাইরের দিকে নির্দেশ করা উচিত, কারণ বিদ্যুৎবাহী তার থেকে চৌম্বক ক্ষেত্রগুলো সোজা বাইরের দিকে ছড়িয়ে পড়ে।

✗ 3. মাটির ওপর কম্পাসকে এভাবে প্রভাবিত হতে হলে বিদ্যুৎপ্রবাহটিকে অবশ্যই পরিবর্তী হতে হবে, সুস্থির হলে চলবে না।

✗ 4. কম্পাসটি কেবল পৃথিবীর চৌম্বক ক্ষেত্র দ্বারাই প্রভাবিত হয়, তাই পাইপের মধ্য দিয়ে প্রবাহিত বিদ্যুৎ এই বিচ্যুতি ব্যাখ্যা করতে পারে না।

Q.95 প্রশ্নটি নিচে প্রদত্ত শব্দগুলির ভিত্তিতে তৈরি।
(বামদিক) SOB DIG FIN JOG (ডানদিক)
ডানদিক থেকে দ্বিতীয় স্থানে থাকা শব্দটির দ্বিতীয় বর্ণ এবং বামদিক থেকে দ্বিতীয় স্থানে থাকা শব্দটির তৃতীয় বর্ণের মাঝে, ইংরাজি বর্ণমালাতে কতগুলি বর্ণ আছে?

Ans

✗ 1. 2

✓ 2. 1

✗ 3. 4

✗ 4. 0

Q.96 ইংরাজি বর্ণানুক্রম অনুসারে, প্রদত্ত ক্রমের প্রশ্নবোধক চিহ্নটির (?) স্থানে কী বসবে?
LFI KEH JDG ICF ?

Ans

✗ 1. HCF

✗ 2. HCE

✗ 3. HBF

✓ 4. HBE

Q.97 একটি নির্দিষ্ট দূরত্বের এক-পঞ্চমাংশ 85 km/h গতিবেগে, এক-তৃতীয়াংশ 60 km/h গতিবেগে এবং অবশিষ্ট অংশ 80 km/h গতিবেগে অতিক্রম করা হয়। সমগ্র যাত্রাপথে গড় গতিবেগ (km/h এককে) কত ছিল? (দুই দশমিক স্থান পর্যন্ত আসন্নমানে)

Ans

✗ 1. 72.11

✓ 2. 72.77

✗ 3. 70.51

✗ 4. 75.25

Q.98 PROVEN শব্দটির প্রতিটি বর্ণকে ইংরাজি বর্ণমালার ক্রম অনুযায়ী তার ঠিক পরের বর্ণ দিয়ে প্রতিস্থাপন করা হয় এবং তারপর এ'ভাবে গঠিত নতুন বর্ণগুচ্ছটির সকল বর্ণকে ইংরাজি বর্ণানুক্রম অনুসারে সাজানো হয়। এ'ভাবে গঠিত নতুন বর্ণগুচ্ছে কোন বর্ণটি ডানদিক থেকে দ্বিতীয় স্থানে থাকবে?

Ans

✗ 1. O

✓ 2. S

✗ 3. Q

✗ 4. P

black

Q.99 অক্ষত বার্ষিক 10% চক্রবৃদ্ধি সুদের (ষাণ্মাসিক দেয়) হারে ₹39600 মূলধন 1 বছরের জন্য বিনিয়োগ করলে, তার প্রাপ্ত সমূল-চক্রবৃদ্ধি কত হবে?

Ans
✗ 1. ₹44618
✓ 2. ₹43659
✗ 3. ₹43063
✗ 4. ₹43488

Q.100 উদ্দীপকের প্রতি তাৎক্ষণিক সাড়া প্রদানের জন্য উদ্ভিদে কোন ধরনের কলা অনুপস্থিত থাকে?

Ans
✗ 1. ত্বক কলা
✗ 2. সংবহন কলা
✓ 3. স্নায়ুকলা
✗ 4. ভাজক কলা

"

Blackboard